

৪. শরদিন্দুর ‘দুর্গ রহস্য’ ও ‘আদিম রিপু’ – এই দুটি কাহিনির সঙ্গেই জড়িয়ে আছে ইতিহাস, যদিও তার ভূমিকা একেবারেই আলাদা – মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

৫. ‘জয় বাবা ফেলুনাথ’-এ ফেলুদার গোয়েন্দাগিরির গল্পে অনায়াসে ঢুকে পড়েছে কাল্পনিক রহস্য রোমাঞ্চ সিরিজের অত্রুন্ন নন্দী, জটায়ু ও নিশাচর-এর মতো একাধিক লেখকের নানান রোমহর্ষক সব গল্প। মূল গল্পের রহস্য নির্মাণে ও সমাধানে এই গল্পগুলির ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয় আলোচনা করো। ১০

৬. প্রিয়ম্বদা দেবীর কৃষ্ণ সিরিজের গল্পগুলিতে গোয়েন্দা ও দুষ্কৃতি দুজনকেই আঁকা হয়েছে বিশেষ ছকে। ‘গুপ্তঘাতক’ ও ‘হত্যার প্রতিশোধ’ গল্প দুটি অবলম্বনে বিষয়টি বিশ্লেষণ করো এবং এই নির্মাণের পেছনে রচয়িতার কোনো বিশেষ অভিপ্রায় ছিল কিনা জানাও। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমিস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমিস্টার)

বিভাগ বাংলা

ঐচ্ছিকপত্র বাংলা রহস্য-রোমাঞ্চ ও গোয়েন্দা কাহিনি

কোর্স পি.জি. - ৩.৫৬এ

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. প্রায় দেড়শো বছর ধরে গোয়েন্দা কাহিনির যে আশ্চর্য জনপ্রিয়তা তার কারণ কী? অন্তত দু’টি গোয়েন্দা কাহিনি অবলম্বনে তোমার বক্তব্য জানাও। ১০

অথবা

২. যদি বলা হয় সব গোয়েন্দাই শেষপর্যন্ত এক ধরনের পুরুষতান্ত্রিক রক্ষণশীলতার পক্ষ অবলম্বন করে থাকেন তবে তুমি কি তার সঙ্গে সহমত হবে? যুক্তিসহ তোমার মত জানাও। ১০

৩. বাংলা সাহিত্যের গোয়েন্দারা কি প্রতীচ্যের গোয়েন্দাদের অনুকরণ মাত্র না কি তাদের নিজেদেরও কিছু স্বাতন্ত্র্য আছে? তোমার পাঠ্য গোয়েন্দাদের উদাহরণ ব্যবহার করে বিষয়টি বুঝিয়ে দাও। ১০

অথবা